

নং- ২৭.০৪.০০০০.১০১.১১.০২৮.১৮-২১৩

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

দৈনিক মজুরিভিত্তিক জনবল নিয়োজিতকরণ সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তি

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই)- এর পরিচ্ছন্নতা সংক্রান্ত অস্থায়ী কাজের প্রয়োজনে নিম্নোক্ত পদে দৈনিক মজুরিভিত্তিক জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	দৈনিক মজুরি
১	পরিচ্ছন্নতাকর্মী	০১ (এক) জন	৮৫০/- (আটশত পঞ্চাশ টাকা)

আবেদনের যোগ্যতা:

- ন্যূনতম অষ্টম শ্রেণি অথবা সমমান উত্তীর্ণ (প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী পরিবর্তনযোগ্য)।
- পরিচ্ছন্নতা সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ (এক) বছর কাজের অভিজ্ঞতা।
- বয়স সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) বছর।
- শারীরিকভাবে সুস্থ ও কর্মক্ষম।

নিয়োগের শর্তাবলী:

- ১। দৈনিক হাজিরা ও প্রকৃত কাজের ভিত্তিতে মজুরি প্রদান করা হবে। কোনো দিন কাজে অনুপস্থিত থাকলে উক্ত দিনের জন্য কোনো মজুরি প্রদান করা হবে না।
- ২। এটি সম্পূর্ণরূপে অস্থায়ী ও দৈনিক মজুরিভিত্তিক কর্মসম্পাদনের জন্য নিয়োজিতকরণ। এর সাথে বিপিএমআই-এর নিয়মিত, অস্থায়ী, চুক্তিভিত্তিক বা স্থায়ী নিয়োগের কোনো সম্পর্ক নেই এবং ভবিষ্যতে কোনো ধরনের চাকুরি বা নিয়োগের দাবি করা যাবে না।
- ৩। দায়িত্ব পালনকালে প্রতিষ্ঠানের প্রচলিত বিধি-বিধান, নির্দেশনা ও নীতিমালা মেনে চলতে হবে।
- ৪। দায়িত্ব পালনের ক্ষেত্রে সততা, শৃঙ্খলা, ভদ্রতা ও পেশাদারিত্ব বজায় রাখতে হবে।
- ৫। কর্তৃপক্ষের প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত বা জরুরি কাজ সম্পাদনের জন্য প্রস্তুত থাকতে হবে।
- ৬। কর্মস্থলে কোনো ধরনের বিশৃঙ্খলা, অরাজকতা, অবৈধ সংঘ বা দল গঠন করা যাবে না।
- ৭। কর্তৃপক্ষ যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োজিতকরণ বাতিল বা সমাপ্ত করার অধিকার সংরক্ষণ করে।
- ৮। কাজের সমাপ্তি বা নিয়োজিতকরণ বাতিলের ক্ষেত্রে কোনো প্রকার ক্ষতিপূরণ, আর্থিক সুবিধা বা অন্য কোনো দাবি গ্রহণযোগ্য হবে না।
- ৯। নির্ধারিত দৈনিক মজুরি ব্যতীত অতিরিক্ত কোনো পারিশ্রমিক বা আর্থিক সুবিধা দাবি করা যাবে না।
- ১০। কর্তৃপক্ষ যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


আবেদন পদ্ধতি:

আগ্রহী প্রার্থীগণ আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদান করবেন:

- সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি।
- পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত।

আবেদন জমাদানের শেষ তারিখঃ ১৬/০৭/২০২৬ (বৃহস্পতিবার), ১৬:০০ ঘটিকা।

বিঃ দ্রঃ ইতোপূর্বে গত ০১.০৬.২০২৬ খ্রি: তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনঃরায় আবেদন করার প্রয়োজন নেই।


পরিচালক (প্রশিক্ষণ) ১৬/০৭/২০২৬

বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই)

প্লট-০২, সড়ক- ১০৪, সেক্টর- ৪, পূর্বাচল নতুন শহর, ঢাকা।

ইমেইল: bpm3.gov.bd@gmail.com

মোবাইলঃ ০১৭৭৭-৭৬০৩৭৮

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বিপিএমআই।
- ২। উপ-পরিচালক/ সিনিয়র সহকারী পরিচালক/ সহকারী পরিচালক (সকল), বিপিএমআই।
- ৩। রেক্টর/এমডিএস মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিপিএমআই। (রেক্টর/এমডিএস মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। দপ্তর নথি/মাস্টার কপি।
- ৫। বিপিএমআই-এর নোটিশ বোর্ড।
- ৬। বিপিএমআই-এর ওয়েব-সাইট (<https://bpmi.gov.bd>)।